



## সেন্ট ফ্রান্সিস জেভিয়ার্স গার্লস স্কুল এন্ড কলেজ

৮৫, লক্ষ্মীবাজার, ঢাকা-১১০০, ফোন : ০২৪-৭১১৪০৯৯

জুলাই ০১, ২০১৮ খ্রিস্টাব্দ

### কলেজে অধ্যয়ণকালীন অবশ্য পালনীয় নিয়মাবলি

**উদ্দেশ্য:** সেন্ট ফ্রান্সিস জেভিয়ার্স গার্লস স্কুল এন্ড কলেজের মূল লক্ষ্য হলো শিক্ষার্থীদেরকে দেশপ্রেমী, সুনাগরিক, বিবেকবান, অসাম্প্রদায়িক মনোভাব সম্পর্ক ও সুশিক্ষায় শিক্ষিত উচ্চ নৈতিকতাবোধ সম্পর্ক মনুষ্যত্বান পরিপূর্ণ মানুষ হতে সাহায্য করা।

### নিয়মাবলি

- প্রত্যেক ছাত্রীকে প্রতিদিন নির্দিষ্ট সময়ে কলেজে উপস্থিত থেকে কলেজের নিয়ম অনুসারে মনোযোগ সহকারে ক্লাস ও শিক্ষক/শিক্ষিকদের প্রদত্ত কাজ নির্দিষ্ট সময়ে করতে হবে। নিয়মিত ও সময়মত ব্যবহারিক ক্লাসে উপস্থিত থাকতে হবে। নির্দিষ্ট সময়ে কলেজ প্রাঙ্গণে প্রবেশ করতে না পারলে সেদিনের জন্য গেট বন্ধ হয়ে যাবে।
- প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে ক্লাস টেস্ট ও সাময়িক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- কোন ছাত্রী কোন উপযুক্ত কারণ ছাড়া কলেজে অনুপস্থিত থাকলে তাকে প্রতি একদিন অনুপস্থিতির জন্য ৫০/- টাকা করে জরিমানা দিতে হবে। উভয় কোনো কারণ ছাড়া ব্যবহারিক ক্লাসে অনুপস্থিতির জন্যও ১০০/- টাকা জরিমানা দিতে হবে। ক্লাসে অনুপস্থিত থাকলে ব্যবহারিক ক্লাসে অংশগ্রহণ করতে পারবে না।
- কলেজের নিয়ম-কানুন প্রত্যেক ছাত্রীকে মানতে হবে। কোন ছাত্রী ৫টি ডিটেনশন পেলে তার অভিভাবক ডেকে তা জানানো হবে, ৭টি ডিটেনশন হলে সাসপেন্ড করা হবে এবং একই বছরে ১০টি ডিটেনশন পেলে টি.সি. দেওয়া হবে।
- কলেজের মাসিক ফি ২,০০০/- (দুই হাজার) টাকা। এ ফি প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে অফিসে পরিশোধ করতে হবে। কেউ সময়মত মাসিক বেতন পরিশোধ না করলে পরবর্তী মাসে ১০০/- (একশত) টাকা জরিমানাসহ পরিশোধ করতে পারবে।
- সময়মত পরীক্ষার ফি জমা দিতে হবে। প্রথম বছরে দু'বার ও দ্বিতীয় বছরে দু'বার পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতি টার্মে অন্তত: ৩ বার করে প্রতি বিষয়ে ক্লাস টেস্ট হবে।
- প্রথম বর্ষ সমাপনী (ইয়ার ফাইনাল) পরীক্ষায় ভাল না করলে কোনক্রমেই দ্বিতীয় বছরে উত্তীর্ণ করা হবে না। সব বিষয়ে পাস না করলে কেন্দ্রক্রমেই কোন ছাত্রীকে এইচ.এস.সি. চূড়ান্ত পরীক্ষার জন্য নির্বাচিত করা হবে না।
- প্রত্যেক ছাত্রীকে ক্লাস, ব্যবহারিক ক্লাস ও কলেজের অন্যান্য কার্যক্রমের সময় কলেজ ইফনিফরম, কলেজের ব্যাচযুক্ত ১ম বর্ষের সাদা জামা, সাদা পায়জামা, সাদা দোপাট্টা, কালো সু ও কালো ফিতা দিয়ে চুল দুই বেণী করতে হবে।
- সেন্ট ফ্রান্সিস জেভিয়ার্স গার্লস স্কুল এন্ড কলেজ রাজনীতিমুক্ত শিক্ষার্থী। ক্যাম্পাসে কোন প্রকার রাজনৈতিক আলোচনা, সভা, মিছিল বা অন্যান্য কার্যক্রম সম্পূর্ণভাবে নিষিদ্ধ।
- কোচিং বা গৃহ শিক্ষকের উপর নির্ভর না করে মনোযোগ দিয়ে নিয়মিত বিষয়ভিত্তিক ক্লাস, ব্যবহারিক ক্লাস ও প্রতিদিন ৫ থেকে ৬ ঘণ্টা নিজে বাসায় পড়ালেখা করতে হবে।
- শিক্ষাবোর্ডের নিয়ম অনুসারে (আসন থাকলে) আগ্রহী ছাত্রী কলেজের নিয়মানুসারে ভর্তি হবে।
- কোন ছাত্রী কলেজ ক্যাম্পাসে বা শ্রেণিকক্ষে মুঠোফোন বা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস, অলংকার (চেইন, দুল, আংটি ও ব্রেসলেট) ব্যবহার করতে পারবে না। যদি কেউ ব্যবহার করে, জানতে পারলে কলেজ ডিসিপ্লিন কমিটি তা নিয়ে নিবে এবং আর কখনো ফেরত দেওয়া হবে না। মেহেদি পড়ে কলেজে আসা নিষেধ।

-: পরীক্ষার নিয়মাবলি :-

মানবিক, ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞান শাখা

সেমিস্টার সমূহ	পরীক্ষা	নম্বর
১ম সেমিস্টার (জুলাই হতে ডিসেম্বর)	ডিসেম্বর-১ম বর্ষ, ১ম সাময়িক পরীক্ষা সাম্প্রতিক পরীক্ষার গড় ১ম সাময়িক পরীক্ষা ১ম সাময়িক পরীক্ষার মোট নম্বর	৫০% ৫০% ১০০
২য় সেমিস্টার (জানুয়ারি হতে মে/জুন)	১ম বর্ষ, সমাপনী সাম্প্রতিক পরীক্ষার গড় ২য় সাময়িক পরীক্ষা নির্বাচনি-১ পরীক্ষার মোট নম্বর	৫০% ৫০% ১০০
তৃতীয় সেমিস্টার (জুলাই হতে ডিসেম্বর)	২য় প্রাক-নির্বাচনি সাম্প্রতিক পরীক্ষার গড় প্রাক-নির্বাচনি পরীক্ষার গড় প্রাক-নির্বাচনি পরীক্ষার মোট নম্বর	৫০% ৫০% ১০০

কোন কোন শিক্ষা বর্ষে বিশেষ কারণে বা পরিস্থিতিতে সেমিস্টারের মেয়াদ বা নম্বর বর্ণন পরিবর্তন হতে পারে।

সর্বশেষ মূল্যায়ন এভাবে করা হবে :

নির্বাচনি -১ পরীক্ষার নম্বর : ৭টি বিষয়  $\times$  ১০০ = ৭০০ নম্বর

নির্বাচনি -২ পরীক্ষার নম্বর : ৬টি বিষয়  $\times$  ১০০ = ৬০০ নম্বর

$$\text{সর্বমোট} = ১৩০০ \text{ নম্বর}$$

$$\text{সর্বমোট} = ১৩০০ \div ১৩ = ১০০ \text{ নম্বর}$$

কর্তব্য :-

- \* সংজ্ঞা, ব্যাখ্যা, তুলনা, ভাবার্থ, মূলভাব, প্রধান বক্তব্য, সার-সংক্ষেপ প্রয়োজনীয় বিষয়াদি, সংক্ষিপ্ত বক্তব্য, রচনা, দ্রষ্টান্ত দ্বারা ব্যাখ্যা চিরাক্ষন- উদাহরণ ইত্যাদি বিষয় জানতে হবে।
- \* যেভাবে প্রশ্ন জিজ্ঞেস করা হয় ঠিক সেভাবে উত্তর লিখতে হবে।
- \* পরীক্ষার প্রস্তুতির জন্য নিজেকে প্রশ্ন জিজ্ঞেস করে সঠিক উত্তর লিখতে চেষ্টা কর। তোমার অসুবিধা কোথায় তা জানতে এ পদ্ধতি তোমাকে সহায়তা করবে।
- \* প্রথম থেকেই শিক্ষকদের দেওয়া নির্দেশ ও পরামর্শ অনুসরণ করতে চেষ্টা কর। তোমার উন্নতির জন্য সাহায্য দিতে তাঁরা সবসময় প্রস্তুত। তাঁদের নির্দেশ ও পরামর্শ গ্রহণ করলে তোমার উন্নতি হবে। মনে রাখবে এ কলেজের শিক্ষকগণ তোমাদের বক্তু ও শুভাকাঙ্ক্ষী। পড়াশোনা না পারলে তাঁদের কাছে সাহায্য ও পরামর্শ নিবে।
- \* গণিত অনুসরণ করবে ও শিক্ষকদের সহায়তায় প্রশ্নের সমাধান খুঁজে বের করতে চেষ্টা করবে।
- \* ইংরেজী ও বাংলা বিষয়ের জন্য গ্রামার এবং ব্যাকরণের প্রতি গুরুত্ব দিবে। প্রতিদিন ইংরেজী বিষয়ে নতুন নতুন শব্দ শিখবে।
- \* পুঁথিগত বিদ্যার পাশাপাশি হৃদয়-মনের সুষম বিকাশ একজন মানুষকে সত্যিকার মানুষ করে তোলে। সেন্ট ফ্রান্সিস জেভিয়ার্স গার্লস স্কুল এন্ড কলেজ চায় যেন প্রতিটি ছাত্রী সচ্চরিত্ব, বিবেকবান এবং সুকোমল হৃদয়ের অধিকারী হয়ে উঠে। ক্ষুদ্র স্বার্থপরতার উর্ধ্বে উঠে পরার্থে জীবনদানের উদ্দার্থ যেন ছাত্রীরা এ কলেজে অধ্যয়ণকালেই অর্জন করতে পারে।

সিস্টার মেরী পালমা. আর.এন.ডি.এম.

অধ্যক্ষ